দৈনিক জনকণ্ঠ

তারিখ JAN. 3 0 2000
পৃষ্ঠা ৪ কলাম ২

51

# বই দিবসে এবার দেয়া হচ্ছে সোনার বই সম্মাননা

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ বুক ক্লাব প্রতিবছরের মতো এবারও ফেব্রুয়ারি মাসের প্রথম দিন বই দিবস পালনের কর্মসূচী গ্রহণ করেছে। গত ১৯৯৭ সালের ফেব্রুয়ারি থেকে ভাষা আন্দোলনের শহীদদের স্মরণে বই দিবস পালন করে আসছে। বই লেখা, বই পড়া এবং বই কেনার প্রতি গণসচেতনা বৃদ্ধির লক্ষ্যে ক্লাব এই কর্মসূচী পালন করে আসছে। এবারের বই দিবসের কর্মসূচীতে বিশেষ আকর্ষণ রয়েছে বই দিবস পদক প্রদান।

## বই দিবস পদক-২০০০ ঃ সোনার বই ও সম্মাননা

বাংলাদেশ বুক ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিতব্য বই দিবস-২০০০- এর প্রধান আকর্ষণ হচ্ছে বই দিবস পদক-২০০০। বই হচ্ছে মানুষের জীবনের প্রধান চালিকা শক্তি। এই বইকে জনপ্রিয় করতে যারা সমাজে বিশেষ অবদান রেখেছে তাদের মধ্যে থেকে বাছাইকৃত একজনকে সংবর্ধিত করে বই পড়া কার্যক্রমে তার সম্পৃক্ততাকে আরও শাণিত আরও মজবুত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এবারের বই দিবস পদক পাচ্ছেন "বই পড়া" কার্যক্রমের অন্যতম প্রগতিশীল পথিকৃৎ বিশ্ব সাহিত্য কেন্দ্রের পরিচালক অধ্যাপক আব্দুল্লাহ আবু সাঈদ। ১ ফেব্রুয়ারি বই দিবসে তাঁকে একটি সোনার বই খচিত পদক এবং সম্মাননা প্রদান করা হবে। পরবর্তীতে এই প্রচেষ্টা অব্যাহত রাখা হবে। ১ ফেব্রুয়ারি সকাল ১০টায় প্রতিবারের মতো কেন্দ্রীয় শহীদ মিনারে এবারও থাকছে শিশু-কিশোর ও বই প্রেমিকদের জমায়েত। অনুষ্ঠানের শুরু হচ্ছে পবিত্র কোরান তেলাওয়াত ও তরজমা দিয়ে। ভাষা শহীদদের স্মরণে এক ঝাঁক শিশু শিল্পী গেয়ে উঠবে "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি", শহীদ মিনার-বেদীতে অতিথিরা পুষ্পস্তবক অর্পণ করবেন। নীল আকাশে উড়ে যাবে রঙ-বেরঙের বেলুন। আলোচনা শেষে শুরু হবে প্রেসক্লাব পর্যন্ত আমাদের বর্ণাঢ্য র‍্যালি। আওয়াজ উঠবে বই পড়-দেশ গড়। বাংলাদেশ বুক ক্লাব ঘর থেকে বাইরে রাজপথের শোভা যাত্রার মধ্য দিয়ে বই পড়া, বই লেখা, বই কেনা কর্মসূচী ও লালিত স্বপ্ন চোখে এখন আর নেই। এখন তা পরিপূর্ণ আন্দোলন। অচিরেই এই আন্দোলন সমৃদ্ধ বাস্তবতার গতিময়তায় অঙ্গীকারকে স্পন্দিত করে তুলবে।

## বই দিবস ২০০০

আধুনিক শিশু-কিশোরদের এবং সাধারণ মানুষের মধ্যে বই পড়াকে জাগ্রত, স্থায়িত্বের আনুষ্ঠানিক রূপায়ণের দুর্বার অঙ্গীকার নিয়ে বই দিবস-২০০০ সামনে উপস্থিত। "বই পড় দেশ গড়" এই স্লোগানকে এবারের জন্য চূড়ান্ত করা হয়েছে। বাংলাদেশ বুক ক্লাবের সভাপতি শেখ আকরাম আলীর সভাপতিত্বে বই দিবস-২০০০-এর আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মাননীয় পানি সম্পদ মন্ত্রী আব্দুর রাজ্জাক।